

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
সেন্ট্রাল প্রকিউরমেন্ট টেকনিক্যাল ইউনিট (সিপিটিইউ)
শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭

Tel: 9144252-3, Fax: 9144250, E-mail: info@cptu.gov.bd; Website: www.cptu.gov.bd

নং-২১.০০.০০০০.৩৬৪.২২.৯৪৯.১৭-৮৫

তারিখঃ ২৫/০৬/২০১৮ খ্রিঃ

বিষয়ঃ পানি সম্পদ মন্ত্রণালয় কর্তৃক বাস্তবায়নযোগ্য প্রকল্পসমূহ পিপিআর, ২০০৮ এর বিধি-১২ অনুসরণপূর্বক 'অর্পিত ক্রয়কার্য' পদ্ধতিতে বাস্তবায়নের বিষয়ে মতামত।

সূত্রঃ ৪২.০০০.০০০০.০৩৪.১৪.০০৪.১৭-২৩১; তারিখঃ ২৮/০৫/২০১৮ইং

উপর্যুক্ত বিষয় ও সুত্রাধীন স্মারকের পরিপ্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ এর বিধি-১২(১) এ অর্পিত ক্রয়কাজ বিষয়ে "কোন পণ্য, কার্য বা সেবা ক্রয়কার্য সম্পাদনের জন্য কোন মন্ত্রণালয়, বিভাগ, অধিদপ্তর, বা পরিদপ্তর এর পর্যাপ্ত কারিগরি সামর্থ্য না থাকিলে, সেই ক্ষেত্রে সংশ্লিষ্ট ক্রয়কার্য সম্পাদনের দায়িত্ব উক্ত ক্রয়কার্যে পারদর্শী কোন ক্রয়কারীকে, অতঃপর এই ধারায় নির্বাহক এজেন্সি (executing agency) বলিয়া উল্লিখিত, অর্পণ করা যাইবে" মর্মে সংস্থান আছে। তবে কোন সংস্থাকে ক্রয়কাজ অর্পণ করার সংশ্লিষ্ট তহবিল হস্তান্তর, মূল্য পরিশোধ, ক্রয়কারী/অনুমোদনকারী নির্ধারণ, ইত্যাদি বিষয় সংশ্লিষ্ট বিধায় অনুমোদিত ডিপিপিতে অর্পিত ক্রয় কাজের সংস্থান অন্তর্ভুক্ত না থাকলে ক্রয়কাজ বাস্তবায়ন ও ক্রয় উত্তর নিরীক্ষণে জটিলতা সৃষ্টি হতে পারে। প্রকল্প বাস্তবায়নাদীন অবস্থায় অর্পিত ক্রয়কাজ প্রক্রিয়ার প্রয়োগ অপরিহার্য বিবেচিত হলে "সরকারি খাতে উন্নয়ন প্রকল্প প্রণয়ন, প্রক্রিয়াকরণ, অনুমোদন ও সংশোধন পদ্ধতি" শীর্ষক পরিপত্র অনুসরণপূর্বক ডিপিপি সংশোধন করে এরূপ সংস্থান অন্তর্ভুক্ত করা যায়।

০২। এখানে উল্লেখ্য, 'অর্পিত ক্রয়কাজ' কোন ক্রয় পদ্ধতি নয়, বরং পণ্য/কার্য সংগ্রহ বা ক্রয়ের একটি বাস্তবায়ন প্রক্রিয়া। অর্থনৈতিক বিষয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি পিপিএ-২০০৬ এর ৬৮(১) ধারা অনুযায়ী রাষ্ট্রীয় জরুরী প্রয়োজন বা বিপর্যয়কর কোন ঘটনা মোকাবেলার ক্ষেত্রে শুধুমাত্র ক্রয় পদ্ধতি সুপারিশ করে। ফলে, 'অর্পিত ক্রয়কাজ' প্রক্রিয়া অনুসরণের জন্য অর্থনৈতিক বিষয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটিতে প্রেরণের কোন নির্দেশনা পাবলিক প্রকিউরমেন্ট আইন ও বিধিমালায় নেই।

০৩। বিবেচ্য পত্রে প্রদত্ত তথ্যের ভিত্তিতে এ মতামত প্রদান করা হ'ল।

সিনিয়র সচিব
পানি সম্পদ মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।


(মোসাম্মা হাবিব)
উপ-পরিচালক
ফোনঃ ৯১৪৪২৫২-৩/২০৩

অনুলিপি (জ্ঞাতার্থে/কার্যার্থে): জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়ঃ

- ১) সচিব মহোদয়ের একান্ত সচিব, আইএমই বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, শের-ই-বাংলা নগর, ঢাকা।
- ২) মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, সিপিটিইউ, আইএমই বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, শের-ই-বাংলা নগর, ঢাকা।
- ৩) অফিস কপি।